সংবাদ।

তারিখ ৮।১২।৮১
পৃষ্ঠা ... কলাম ...

073

# খাল খনন কর্মসূচী সফল করার জন্য জেলা ও বিভাগীয় কর্মকর্তাদের প্রতি নির্দেশ

রাষ্ট্রপতি আবদুস সাত্তার জেলা ও বিভাগীয় পর্যায়ের কর্মকর্তাদের দেশব্যাপী খালখনন কর্মসূচী সফল ভাবে বাস্তবায়িত করার মাধ্যমে জনগণের জন্য সর্বাধিক সুযোগ সুবিধা নিশ্চিত করার নির্দেশ দিয়েছেন। গত কাল সোমবার বিকেলে বঙ্গভবনে ডেপুটি কমিশনার ও বিভাগীয় কমিশনারদের এক বৈঠকে সভাপতির ভাষণদানকালে রাষ্ট্রপতি এই নির্দেশ দিয়েছেন।

কৃষি উৎপাদন বৃদ্ধির জন্য তিনি কর্মকর্তাদের জল সেচের জন্য প্রয়োজনীয় পর্যাপ্ত পানির ব্যবস্থা করতে বলেছেন। রাষ্ট্রপতি খরার জন্য আমন ফসলের যে ক্ষতি হয়েছে তা পূরণেরও আহ্বান জানান।

রাষ্ট্রপতি সাত্তার গণনাকরণ কর্মসূচী, ভূমি রাজস্ব আদায় ও সমাজকে দুর্নীতিমুক্ত করার জন্য সর্বাধিক উদ্যোগ গ্রহণের জন্যও নির্দেশ দিয়েছেন। খবর বাসস'র।